

নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৬৪৫.২২-১৫১

তারিখঃ ১৪ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আগামী ১৩-১৯ জুন, ২০২২ সময়ে সেনেগালে অনুষ্ঠিতব্য The 17<sup>th</sup> Trade Fair of the OIC Member States শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৩-১৯ জুন, ২০২২ সময়ে সেনেগালের ডাকারে অনুষ্ঠিতব্য The 17<sup>th</sup> Trade Fair of the OIC Member States শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। মেলায় অংশগ্রহণের লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো কার্যক্রম গ্রহণ করেছে। উক্ত মেলায় তৈরী পোশাক, চামড়া, পাট ও পাটজাত দ্রব্য, হ্যান্ডিক্রাফট, সিরামিক, আইসিটি, ব্যাংক ও বীমা, কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্যাদি প্রদর্শন করা হবে। প্রস্তাবিত মেলায় Shell Scheme ক্যাটাগরীতে ০৯ বর্গমিটার আয়তন বিশিষ্ট একটি বুথের মূল্য বাংলাদেশী মুদ্রায় টাকা ১,৬৫,০০০.০০ (একলক্ষ পঁয়ষট্টি হাজার) মাত্র নির্ধারণ করা হয়েছে। প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের উপর নিম্নরূপভাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা হবেঃ

(ক) তৈরী পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ


ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	“ক”	২০%
০২	০৫-১০	“খ”	৩৫%
০৩	০৫ এর নীচে	“গ”	৪৫%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“ঘ”	৫০%

(খ) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪০%
০২	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“খ”	৫০%

০২। উক্ত মেলায় অংশগ্রহণে আপনার সমিতিভুক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহ/প্রতিষ্ঠান আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র ১২ মে ২০২২ তারিখের মধ্যে ইপিবি'র মেলা ও প্রদর্শনী বিভাগে পে-অর্ডার সহকারে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট থেকে ([www.epb.gov.bd](http://www.epb.gov.bd)) ডাউনলোড করা যাবে। আবেদন পত্রের সাথে ড্রেড লাইসেন্স, ইআরসি, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, রপ্তানি আয়ের সমর্থনে সর্বশেষ অর্থবছরের পিআরসি অবশ্যই দাখিল করতে হবে।

০৩। সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি'র উপর দায়-দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।

  
(মোঃ স্নিগ্ধানুর রহমান)  
সহকারী পরিচালক (মেলা)

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, সেক্টর নং-১৭, ব্লক নং-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০, ই-মেইল: [info@bgmea.com](mailto:info@bgmea.com), [fair@bgmea.com.bd](mailto:fair@bgmea.com.bd)
- সভাপতি, বাংলাদেশ শীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: [bkfair@bkmea.com](mailto:bkfair@bkmea.com)
- সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ড্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পাছপথ, কাওরান বাজার, ঢাকা। ই-মেইল: [btma2@yahoo.com](mailto:btma2@yahoo.com)
- সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল সি/এ, ঢাকা, ফোন: ৯৫৬০১০২-৩, ৯৫৬০৫৯০, ফ্যাক্স: ৯১৭৬০৩০, ৯৫৬০৫৮৮ ই-মেইল- [fbcci@bol-online.com](mailto:fbcci@bol-online.com)
- সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬৫-৬৬, মতিঝিল সি/এ, ঢাকা। ফোন: ৯৫৫২৮০৮, ৯৫৫২৫৬২, ফ্যাক্স: ৯৫৬০৮৩০, ৯৫৫৮১২২, ই-মেইল- [info@dhakachamber.com](mailto:info@dhakachamber.com)
- সভাপতি, মের্টপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ১২২-১২৪, মতিঝিল সি/এ, ঢাকা। ফোন: ৯৫৬৫২০৮, ফ্যাক্স: ৯৫৬৫২১১ ই-মেইল: [info@mccibd.org](mailto:info@mccibd.org)

